

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 07.12.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) আবাস যোজনা প্রকল্পে উপভোক্তাদের বাড়ি তৈরির টাকা দেওয়ার আগে পরিচয় সহ অন্যান্য নথি আর এক দফা খতিয়ে দেখতে রাজ্যের প্রতিটি পঞ্চায়েতে বিশেষ শিবিরের আয়োজন করা হচ্ছে।
- ২) রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির অধিকাংশতেই স্থায়ী উপাচার্য নিয়োগের বিষয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোস সম্মতি দিয়েছেন।
- ৩) বাংলাদেশের ঘটনায় এরাজ্যের মানুষকে পথে নেমে প্রতিবাদ গড়ে তুলতে হবে বলে বিজেপি দাবি করেছে।
ঢাকায় ফের একটি ইক্ষন মন্দিরে অগ্নি সংযোগের ঘটনায় ইক্ষনের পক্ষ থেকে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে।
- ৪) পশ্চিমবঙ্গে রাজ্যসভার একটি শূন্য আসনে উপনির্বাচনের জন্য মনোনয়ন পেশের কাজ শুরু হয়েছে।
- ৫) রাজ্য এখনও তেমনভাবে শীতের আমেজ অনুভূত না হলেও আগামী সপ্তাহের মাঝামাঝি থেকে তাপমাত্রা কমবে বলে জানিয়েছে আবহাওয়া দফতর।

৬) চেন্নাই-এর জওহরলাল নেহরু স্টেডিয়ামে আজ আই এস এল-এর ম্যাচে ইস্টবেঙ্গল ২-০ গোলে চেন্নায়িন এফ সি কে হারিয়ে দিয়েছে।

000000000000000000000000

আবাস যোজনা প্রকল্পে উপভোক্তাদের বাড়ি তৈরির টাকা দেওয়ার আগে পরিচয় সহ অন্যান্য নথি আর এক দফা খতিয়ে দেখতে রাজ্যের প্রতিটি পঞ্চায়েতে বিশেষ শিবিরের আয়োজন করা হচ্ছে। ওই শিবিরে গিয়ে সংশ্লিষ্ট উপভোক্তা নিজের নাম ব্যাকের সমস্ত তথ্য যাচাই করে সম্মতি দেওয়ার পর পোর্টালে উপভোক্তা নামের সঙ্গে তার আধার নম্বরে সংযুক্তিরণ করা হবে। উপভোক্তার পরিচয় নিশ্চিত করতে বায়মেট্রিক ব্যবস্থা রাখা হবে। এছাড়াও যে মোবাইল নম্বরের সঙ্গে আধার কার্ডের সংযুক্তিরণ করা রয়েছে, সেই মোবাইল নম্বরে ওটিপি-র মাধ্যমে পরিচয় যাচাই করা হবে। সম্পূর্ণ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর আবাসের চূড়ান্ত নামের তালিকায় সংশ্লিষ্ট ব্যক্তির নাম তোলা হবে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

উল্লেখ ১৫-ই ডিসেম্বরের পর আবাসের টাকা বিলি করা হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগেই ঘোষণা করেছেন।

000000000000000000000000

রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির অধিকাংশতেই স্থায়ী উপাচার্য নিয়োগের বিষয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোস সম্মতি দিয়েছেন।

রাজভবন সূত্রে খবর, ৩৬টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে রাজ্যপাল ৩৪টি বিশ্ববিদ্যালয়ের জন্য স্থায়ী উপাচার্যদের নিয়োগপত্রে স্বাক্ষর করেছেন।

প্রথম পর্যায়ে প্রেসিডেন্সি, বর্ধমান, বাঁকুড়া, কল্যাণী, সিধু-কানহো-বিরসা এবং রানি রাসমণি গ্রীণ বিশ্ববিদ্যালয়ের স্থায়ী উপাচার্যের নাম প্রকাশ্যে এসেছে। প্রেসিডেন্সির উপাচার্য করা হয়েছে নির্মাণনারায়ণ চক্রবর্তীকে। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের দায়িত্বে শঙ্করকুমার নাথ, বাঁকুড়ায় রূপকুমার বর্মণ, কল্যাণী বিশ্ববিদ্যালয়ে কল্লোল পাল, সিধু-

কানহো-বিরসা বিশ্ববিদ্যালয়ে পবিত্রকুমার চক্রবর্তী এবং রানি রাসমণি গ্রীন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য করা হয়েছে অমিয়কুমার পণ্ডিকে। স্থায়ী উপাচার্য নিয়োগের জট কাটার পরই রাজ্যপালের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। নতুন উপাচার্যদেরও শুভেচ্ছা জানান তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

যাত্রী সুরক্ষা ও রাস্তায় যানজট এড়াতে রাজ্য সরকারের পরিবহন দপ্তর বেশ কিছু নির্দেশিকা জারি করেছে। ঐ নির্দেশিকায় বলা হয়েছে পরিষেবা সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য প্রতিটি বাসে বাধ্যতামূলকভাবে অভিযোগ বাক্স রাখার পাশাপাশি স্টপেজে যাত্রী তোলার জন্য এক মিনিটের বেশি বাস দাঁড়ালে জরিমানা করা হবে। চালক, কন্ডাট্টারদের নিয়োগের ক্ষেত্রে তাদের অতীত অভিজ্ঞতা বা তাদের বিরুদ্ধে অভিযোগের বিষয়টি বাস মালিককে খতিয়ে দেখতে হবে। চালকদের লাইসেন্সের কপি বাসে আটকে রাখতে নির্দেশ দেওয়া হয়েছে। বাস নিয়ে রাস্তায় নামার সময় রাজ্য সরকারের অ্যাপে টুকে কিউআর কোড স্ক্যান করে গাড়ি চালু করতে হবে বলে নির্দেশিকায় জানানো হয়েছে।।

০০০০০০০০০০০০০০০০০০০০

ক্ষুদ্র, মাঝারি ও অতি শিল্পে রাজ্যের উত্তরবঙ্গের তিন জেলা থেকে ৮০০ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেছে। আজ মালদা কলেজ অডিটোরিয়ামে আয়োজিত সিনারজি কনক্লেভ এ মালদা ছাড়াও দুই দিনাজপুরের প্রায় ৭০০ শিল্পদ্যোগী অংশ নেন। সেখানেই তারা এই বিনিয়োগের প্রস্তাব দিয়েছেন বলে সরকারিভাবে জানানো হয়েছে। এই তিন জেলায় শিল্পের উন্নয়নে এপ্রিল থেকে সেপ্টেম্বর পর্যন্ত বিভিন্ন শিল্প উদ্যোগীকে ৪ হাজার ৪৪২ কোটি টাকা ব্যাংক ঋণ দেওয়া ছাড়াও রাজ্য সরকারের বাংলান্ত্রী প্রকল্পে ৪১ টি ইউনিটকে ভর্তুকি বাবদ ১৫ কোটি ৮১ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এছাড়াও ভবিষ্যৎ ক্রেডিট কার্ড প্রকল্পে ৯৫ কোটি ৩৭ লক্ষ টাকা দেওয়া হয়েছে বলে সরকারিভাবে জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

ট্যাব জালিয়াতির পর রাজ্য সরকার ধান বিক্রির টাকা নিয়ে দুর্নীতি রূখতে যে পোর্টালের মাধ্যমে সরাসরি কৃষকদের অ্যাকাউন্টে টাকা পৌঁছয় তার নিরাপত্তা খতিয়ে দেখতে খাদ্য দফতরকে নির্দেশ দিয়েছে। রাজ্যের খাদ্য মন্ত্রী রথীন ঘোষ জানিয়েছেন, ধান কেনার ক্ষেত্রে সবরকম সুরক্ষা ব্যবস্থা থাকলেও বাড়তি সতর্কতা হিসেবে গোটা প্রক্রিয়া আরও একবার পর্যালোচনা করা হচ্ছে। উল্লেখ্য, চলতি বছরে ৭০ লক্ষ টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। এর মধ্যে ৫১ লক্ষ টন ধান ইতমধ্যেই কৃষকদের কাছ থেকে সংগ্রহ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের ঘটনায় এরাজ্যের মানুষকে পথে নেবে প্রতিরোধ গড়ে তুলতে হবে বলে বিজেপি দাবি করেছে। দলের মুখ্যপাত্র শমীক ভট্টাচার্য বলেন, কোন রাষ্ট্রের পক্ষে অন্য রাষ্ট্রের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করা এক্সিয়ার বহির্ভূত। তাই কেন্দ্রীয় সরকার কি করছে সেদিকে না তাকিয়ে এরাজ্যের বাঙালিদের পথে নেমে প্রতিবাদ করতে হবে।

(বাইট - শমীক)

০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে ঢাকায় ফের একটি ইসকন মন্দিরে অগ্নিসংযোগের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন ইসকন কলকাতার সহ-সভাপতি রাধারমন দাস। এক বেসরকারি টিভি চ্যানেলে ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, ওই অগ্নিসংযোগ এর ঘটনায় ওই মন্দির ও বিগ্রহ নষ্ট হয়েছে; বাংলাদেশের ইসকন কর্তৃপক্ষ সে দেশের সরকারের সঙ্গে সর্বদা যোগাযোগ রাখছে বলে তিনি জানান। এব্যাপারে বাংলাদেশ সরকার নিরাপত্তার আশ্চাস দিয়েছে এবং ইসকনের বড় বড় মন্দিরে নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে হিন্দুদের ওপর অত্যাচার ও ইসকনের মহারাজ চিন্ময় প্রভুর গ্রেণ্টারের প্রতিবাদে ও অবিলম্বে তার মুক্তির দাবিতে নদিয়ার রানাঘাটে প্রতিবাদ মিছিলে শামিল হয় হিন্দু সনাতনী সম্প্রদায়ের মানুষজন। বিকেলে রানাঘাট ফ্রেন্ডস ক্লাব ময়দান থেকে হিন্দু সনাতনীদের এই মিছিল রানাঘাটের বিভিন্ন রাস্তা ঘুরে রানাঘাট কলেজ প্রাঙ্গনে শেষ হয়। এদিনের এই মিছিলে পা মেলান রাজ্য BJP এর প্রাক্তন সভাপতি দিলীপ ঘোষ, রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার, চাকদার বিধায়ক বক্ষিম ঘোষ, রানাঘাট উত্তর পূর্বের বিধায়ক অসীম বিশ্বাস সহ একাধিক বিজেপি নেতা কর্মী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে, রাজ্যসভার একটি শুন্য আসনে উপনির্বাচনের জন্য মনোনয়ন পেশের কাজ চলছে। ১০ই ডিসেম্বর পর্যন্ত রাজ্য বিধানসভায় ওই নির্বাচনের মনোনয়নপত্র জমা নেওয়া হবে। ১১ই ডিসেম্বর জমা করা মনোনয়ন পত্র পরীক্ষা করে দেখা হবে। মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ১৩ই ডিসেম্বর। একাধিক প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করলে ২০ ডিসেম্বর ভোটগ্রহণ হবে বলে জানানো হয়েছে। না হলে ১৩ তারিখেই বিজয়ী প্রার্থীর নাম ঘোষণা করে দেওয়া হবে।

উল্লেখ্য তৃণমূল কংগ্রেসের জহর সরকার পদত্যাগ করায় রাজ্যসভার একটি আসনে উপনির্বাচন অনিবার্য হয়ে পড়ে।

আসন্ন রাজ্যসভা উপ-নির্বাচনে তৃণমূল কংগ্রেস ঋতুর বন্দ্যোপাধ্যায়কে প্রার্থী করছে। বর্তমানে তিনি দলের শ্রমিক সংগঠন আই এন টি টি ইউ সি-র রাজ্য সভাপতি পদে রয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

সংশোধিত, সংযোজিত ভোটার তালিকা প্রকাশের উদ্দেশ্যে ভারতের নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসূচী ২০২৫ গত ১২ নভেম্বর থেকে শুরু হয়েছে, চলবে আগামী ১২ ডিসেম্বর পর্যন্ত। এই কর্মসূচিতে আগামীকাল রবিবার বিশেষ প্রচারের শেষ দিন। ১৮ - র Power গড়বে বাংলার Future

এই ম্লোগানকে সামনে রেখে সকাল ৬ টায় কলকাতার পুলিশ Athletic Club থেকে ৫ কিলোমিটার দৌড় এবং ১০ কিলোমিটার সাইকেল দৌড়ের আয়োজন করা হয়েছে। এই প্রচার কর্মসূচীর সূচনা করবেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব। কলকাতা দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিক Vibhu Goyel ওই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

oooooooooooooooooooo

ରାଜ୍ୟ ଏଥନେ ତେମନଭାବେ ଶୀତେର ଆମେଜ ଅନୁଭୂତ ନା ହଲେଓ ଆଗାମୀ ସଞ୍ଚାରେର ମାବାମାବି ଥେକେ ତାପମାତ୍ରା କମବେ ବଲେ ଜାନିଯାଇଛେନ ଆବହାସ୍ୟ ଦଫତରେର ପୂର୍ବାଙ୍ଗଲୀୟ ପ୍ରଧାନ ଡକ୍ଟର ସୋମନାଥ ଦତ୍ତ ।

(বাইট - সোমনাথ)

A horizontal row of 20 small, uniform circles, likely representing data points or nodes in a sequence.

৩০ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের আজ চতুর্থ দিন। অন্যান্য বাবের মতো দিনের বেলা নবন চতুর তেমন জমজমাট না হলেও বিকেলের পর থেকে সিনে আড়তায় তরঙ্গদের লক্ষ্য করা গেছে। সিনেমার পাশাপাশি এবার গুরুত্বপূর্ণ আলোচনাগুলিতেও শিশির মঞ্চ থাকছে পরিপূর্ণ।

একটি প্রতিবেদন-

চেমাইয়ের জওহরলাল নেহেরু স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল ২-০ গোলে চেমাইয়িন এফসিকে হারিয়ে দিয়েছে। দুটি গোলই হয় খেলার দ্বিতীয়ার্ধে। গোল করেছেন ভি পুথিয়া ভালাপপিল ও থাওনাওজাম। এবারের আইএসএলে এটা ইস্টবেঙ্গলের দ্বিতীয় জয়। জয়ের ফলে ৯ ম্যাচে ৭ পয়েন্ট নিয়ে লাল

হলুদ লিগ তালিকায় একাদশ স্থানে উঠে এসেছে। ১১ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে চেমাই নবম স্থানে।

০০০০০০০০০০০০০০০০০০০